# সম্প্রসারণ বার্তা

মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৬তম বর্ষ ❑ দশম সংখ্যা ❑ মাঘ-১৪২৯, জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২২-২৩ ❑ পৃষ্ঠা ৮



নওগাঁর মহাদেবপুর সমলয় চাষাবাদে রাইস ... ২

দেশের কৃষি উন্নত ও আধুনিক হচ্ছে– বার্লিনে মাননীয় কৃষিমন্ত্রী ... ৩

আধুনিক রাইস ট্রান্সপ্লান্টারের সাহায্যে ধানের চারা ... ৪

বগুড়ার সোনাতলায় স্মার্ট কৃষির অগ্রযাত্রায় সমলয়... ৫


## জলবায়ুসহনশীল ও উন্নত কৃষি ব্যবস্থা গড়ে তুলতে কৃষি গ্র্যাজুয়েটদের প্রস্তুত করতে হবে : মাননীয় কৃষিমন্ত্রী






*ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অষ্টম সমাবর্তনে সভাপতিত্ব ও ডিগ্রি প্রদান করেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি*

মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, জমি হ্রাস, জনসংখ্যা বৃদ্ধি, জলবায়ু পরিবর্তনসহ নানামুখী চ্যালেঞ্জ মোকাবিলা করে ভবিষ্যতে কৃষি উৎপাদন ও খাদ্য নিরাপত্তাকে টেকসই করতে হলে জলবায়ুসহনশীল ও উচ্চফলনশীল ফসলের জাত ও আধুনিক চাষাবাদ পদ্ধতি উদ্ভাবন করে কৃষকদের মাঝে তা দ্রুত ছড়িয়ে দিতে হবে। একই সঙ্গে কৃষিতে রোবোটিক্স, কৃত্রিম বুদ্ধিমত্তা, জেনেটিক ইঞ্জিনিয়ারিং, ইন্টারনেট অব থিংস, ড্রোন প্রভৃতির ব্যবহার এবং প্রিসিসন ও ভার্টিকাল এগ্রিকালচারে দক্ষতা বাড়াতে হবে। দেশের কৃষি বিশ্ববিদ্যালয়সমূহের গ্র্যাজুয়েটদেরকে এসব বিষয়ে দক্ষতা অর্জন করে নিজেদেরকে প্রস্তুত করতে হবে। ১২ ফেব্রুয়ারি ২০২৩ রবিবার সকালে ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অষ্টম সমাবর্তনে সভাপতির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

মহামান্য রাষ্ট্রপতি এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মোঃ আবদুল হামিদের পরে মাননীয় কৃষিমন্ত্রী এই সমাবর্তনে সভাপতিত্ব


এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩


## কৃষি উৎপাদনের মূল উপকরণ বীজের মানে কোনো রকম ছাড় দেয়া হবে না – মাননীয় কৃষিমন্ত্রী




*রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ সিড কংগ্রেসের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি*

বীজের মানে কোনরকম ছাড় দেয়া হবে না বলে মন্তব্য করেছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, কৃষি উৎপাদনের মূল উপকরণ হলো বীজ। ভালো ফলন ও উৎপাদনশীলতার জন্য মানসম্পন্ন বীজ অপরিহার্য। কাজেই, বীজের মানের বিষয়ে কোনরকম ছাড় দেয়া হবে না। কৃষক যাতে শতভাগ আস্থার


এরপর পৃষ্ঠা ৬ কলাম ১


## দেশে প্রথমবারের মতো উদযাপন হচ্ছে বিশ্ব ডাল দিবস




*রাজধানীতে বিএআরসি মিলনায়তনে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন সম্মানিত সচিব জনাব ওয়াহিদা আক্তার, কৃষি মন্ত্রণালয়*

কৃষিসচিব ওয়াহিদা আক্তার বলেছেন, ছোট্ট দেশে থেকে ১৭ কোটি মানুষের খাদ্যের জোগানের জন্য বিভিন্ন ফসল উৎপাদনে প্রতিযোগিতা করতে হয়। ভাত আমাদের প্রধান খাদ্য, এটির উৎপাদনে গুরুত্ব বেশি দিতে হয়। ধানের সাথে ডালসহ অন্যান্য ফসল প্রতিযোগিতায় পিছিয়ে পড়ে। সেজন্য, আমরা ধানের উৎপাদন না কমিয়ে ডালের উৎপাদন বাড়াতে গুরুত্ব দিচ্ছি। এ বছর


এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

## চলমান বোরো ধানে বালাইনাশকের সুষ্ঠু ব্যবহার

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট কর্তৃক আয়োজিত “চলমান বোরো ধানের বালাই ব্যবস্থাপনা ও বালাইনাশকের নিরাপদ ব্যবহার” শীর্ষক মতবিনিময় সভা আজ ০১ ফেব্রুয়ারি ২০২৩ উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেটের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কৃষিবিদ মোহাম্মদ খয়ের উদ্দিন মোল্লা, উপপরিচালক, তিনি সবাইকে নিজ নিজ জায়গা থেকে ব্যবসায় নৈতিকতা বজায় রাখার নির্দেশ প্রদান করেন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ ড. কাজী মজিবুর রহমান, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট এবং সভার আলোচ্য বিষয়ের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনা করেন




*প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মো. মোশাররফ হোসেন খান, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট*

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেটের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মো. মোশাররফ হোসেন খান, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।

প্রধান অতিথি বলেন কীটনাশকের দোকানে কোনোভাবেই খাদ্যদ্রব্য বিক্রয় করা যাবে না, অনুমোদনবিহীন ও মেয়াদ উত্তীর্ণ কীটনাশক বিক্রয়ে কঠোর নিষেধাজ্ঞা আরোপের কথা বলে কৃষিবিদ মোহাম্মদ আনিসুজ্জামান, অতিরিক্ত উপপরিচালক (পিপি), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট। উক্ত মতবিনিময় সভায় আরো উপস্থিত ছিলেন জেলা প্রশিক্ষণ কর্মকর্তা, প্রকল্পের মনিটরিং অফিসার, উপজেলা কৃষি অফিসারবৃন্দ, আঞ্চলিক বেতার কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসারগণ, বালাইনাশক কোম্পানির প্রতিনিধিগণ ও পাইকারি কীটনাশক ডিলারগণ।

*কৃষিবিদ ফাহমিদা আক্তার, কৃতসা, সিলেট*

## নওগাঁর মহাদেবপুর সমলয় চাষাবাদে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে ধানের চারা রোপণের উদ্বোধন

কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে চলতি ২০২২-২০২৩ অর্থবছরে কৃষি প্রণোদনা সুচির আওতায় রবি মৌসুমে বোরো হাইব্রিড জাতের ধানের সমলয় চাষাবাদে ৫০ একর জমি প্রদর্শনী নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলার সদর ইউনিয়নের বকাপুর ব্লকের বকাপুর গ্রামে রাইস ট্রাসপ্লান্টারের ওয়াদুদ। বিশেষ অতিথি ছিলেন নওগাঁ জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ মো: আবু হোসেন এবং মহাদেবপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো: আহসান হাবীব।

উল্লেখ্য, সমলয় চাষাবাদের প্রদর্শনীতে কৃষি প্রণোদনা সুচির আওতায়




*অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষিবিদ মো: শামছুল ওয়াদুদ, অতিরিক্ত পরিচালক, ডিএই রাজশাহী অঞ্চল*

সাহায্যে চারা রোপণের উদ্বোধনী অনুষ্ঠান গত ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে মহাদেবপুর উপজেলা নির্বাহী অফিসার মো: আবু হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রাজশাহী অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মো: শামছুল

কৃষকদের মাঝে হাইব্রিড জাতের ধান বীজ, বীজতলা তৈরির খরচ, রাসায়নিক সার, জ্বালানি তেল, রোপণ ও কর্তন খরচ প্রদান করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা প্রশাসন ও কৃষি অফিসের কর্মকর্তা-কর্মচারী, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, সাংবাদিক, ও গণ্যমান্য ব্যক্তিবর্গসহ প্রায় ৩০০ জন উপস্থিত ছিলেন।

*মো: দেলোয়ার হোসেন, কৃতসা, রাজশাহী*

## খাদ্য নিরাপত্তার বিষয়ে উন্নত দেশগুলোকে

*শেষ পাতার পর*

সংস্থার প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেছেন। মাননীয় মন্ত্রী বলেন, চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধের নির্দোষ ভুক্তভোগী বাংলাদেশ। এ যুদ্ধের ফলে সারের দাম চার গুণ বৃদ্ধি পেয়েছে, খাদ্যশস্যের দাম অনেক বৃদ্ধি পেয়েছে ও খাদ্য নিরাপত্তায় প্রভাব ফেলেছে। এ নেতিবাচক প্রভাব নিরসনের জন্য আমি উন্নত বিশ্বকে নমনীয়, সহজ ও দ্রুত (Flexible, unbureaucratic & fast) পদক্ষেপ গ্রহণের আহ্বান জানাচ্ছি।

আগামীতে খাদ্য নিরাপত্তায় বাংলাদেশ সরকারের প্রস্তুতি তুলে ধরে কৃষিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার একটি উন্নত, টেকসই ও জলবায়ুসহনশীল কৃষি ব্যবস্থা গড়ে তুলতে কাজ করছে, যার মাধ্যমে মানুষের খাদ্য নিরাপত্তা টেকসই হবে, পুষ্টিসমৃদ্ধ খাবার নিশ্চিত হবে, কৃষকেরা উন্নত জীবন পাবেন। কিন্তু জমি হ্রাস, জনসংখ্যা বৃদ্ধি, জলবায়ু পরিবর্তন, কোভিড-১৯ ও চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এক্ষেত্রে বাধা হয়ে দাঁড়িয়েছে। এ পরিস্থিতিতে, কপ২৬, কপ২৭ ও অন্যান্য বৈশ্বিক ফোরামে দেয়া প্রতিশ্রুতি দ্রুত বাস্তবায়নের জন্য উন্নত দেশগুলোকে আমি অনুরোধ করছি। সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: রুহুল আমিন তালুকদার ও বার্লিনস্থ বাংলাদেশ দূতাবাসের মিনিস্টার মো. সাইফুল ইসলাম উপস্থিত ছিলেন। *প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*



৩১ জানুয়ারি ২০২৩ ময়মনসিংহ জেলার কৃষি তথ্য সার্ভিসের আঞ্চলিক কার্যালয়ের হলরুমে মৃত্তিকা গবেষণা সুবিধা জোরদারকরণ প্রকল্পের আওতায় উপজেলা ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকার উপর উপসহকারী কৃষি কর্মকর্তাগণের ৫ দিনব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মো: মতিউজ্জামান, উপপরিচালক, ডিএই, ময়মনসিংহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসএসফারহানা হোসেন, আঞ্চলিক কৃষি তথ্য ও যোগাযোগ বিশেষজ্ঞ, কৃষি তথ্য সার্ভিস, ময়মনসিংহ। প্রশিক্ষণে সভাপতিত্ব করেন কৃষিবিদ ড. শওকতুজ্জামান, পিএসও, এসআরডিআই, ময়মনসিংহ। প্রশিক্ষণে ময়মনসিংহ জেলার ১১টি উপজেলা হতে উপসহকারী কৃষি কর্মকর্তাগণসহ কৃষি তথ্য সার্ভিসএর এআইসিওগণ উপস্থিত ছিলেন।

*মো: খোরশেদ আলম, কৃতসা, ময়মনসিংহ*

## রাশিয়ায় এ বছরই আলু রপ্তানি শুরু হবে –মাননীয় কৃষিমন্ত্রী

রাশিয়ায় এ বছরই আলু রপ্তানি পুনরায় শুরু হবে বলে জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, আলু রপ্তানিতে রাশিয়ার নিষেধাজ্ঞা দেয়ার আগে দেশ থেকে পদক্ষেপ গ্রহণ করায় ২০২২ সালের মার্চে রাশিয়া এ নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নেয়। আলু ছাড়াও বাংলাদেশ থেকে আম, ফুলকপি, বাঁধাকপি নিতে চায় রাশিয়া। রাশিয়ার রাষ্ট্রদূত আলেক্সান্ডার ভি. মান্টিটস্কি বলেন, বাংলাদেশের আম



*ঢাকায় সচিবালয়ে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি এর সাথে রাশিয়ার রাষ্ট্রদূত আলেক্সান্ডার ভি. মান্টিটস্কি (Alexander Vikentyevich Mantytski) দ্বিপক্ষীয় বৈঠক*

অনেক আলু রপ্তানি হতো। সম্প্রতি রাশিয়া নিষেধাজ্ঞা তুলে নেয়ায় পুনরায় আলু রপ্তানির উদ্যোগ নেয়া হয়েছে। এ বছরই রপ্তানি শুরু হবে। ০৫ ফেব্রুয়ারি ২০২৩ রোববার দুপুরে সচিবালয়ে ঢাকায় নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেক্সান্ডার ভি. মান্টিটস্কি (Alexander Vikentye-vich Mantytski) এর সাথে বৈঠক শেষে সাংবাদিকদের সাথে মতবিনিময় কালে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

উল্লেখ্য, আলুতে ব্রাউনরট রোগের উপস্থিতি শনাক্ত হওয়ায় ২০১৪ সাল থেকে বাংলাদেশ থেকে আলু রপ্তানিতে রাশিয়া নিষেধাজ্ঞা আরোপ করে। আলুকে ব্যাকটেরিয়ামুক্ত ও নিরাপদ করতে বাংলাদেশ সরকার অনেকগুলো ও ফুলকপি অত্যন্ত সুস্বাদু ও উন্নত মানের। রাশিয়াতে এগুলো রপ্তানির বিপুল সম্ভাবনা রয়েছে। আম ও ফুলকপি দ্রুত রাশিয়ায় নিতে চাই।

সাক্ষাৎকালে রাশিয়া থেকে ডিএপি ও পটাশিয়াম সার আনতে 'সমঝোতা স্মারক' (এমওইউ) স্বাক্ষরের বিষয়ে আলোচনা হয়। মাননীয় কৃষিমন্ত্রী বলেন, রাশিয়া থেকে আমরা পটাশিয়াম আমদানি করে থাকি। এ ব্যাপারে দুদেশের মধ্যে একটি এমওইউ বিদ্যমান রয়েছে, এটিকে নবায়ন করা হবে। একইসঙ্গে, রাশিয়া থেকে আমরা ডিএপি সার আনতে চাই। এ বিষয়েও একটি 'সমঝোতা স্মারক' (এমওইউ) স্বাক্ষর হবে শীঘ্রই।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## পুষ্টির চাহিদা মেটাতে হলে পারিবারিক পুষ্টি বাগানের কোনো বিকল্প নাই

অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় ০১, ফেব্রুয়ারি ২০২৩ ডিন অফিস, কৃষি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের কনফারেন্স রুমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় কর্মকর্তাদের অংশগ্রহন শীর্ষক সেমিনার-২০২৩ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কৃষিবিদ মো.আশরাফ উদ্দিন, অতিরিক্ত পরিচালক, ডিএই, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।

অনুষ্ঠানে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন পুষ্টির চাহিদা মিটাতে হলে পুষ্টি বাগানের কোন বিকল্প নাই। মাননীয় প্রধানমন্ত্রীর উক্তি এক ইঞ্চি জায়গাও যেন অনাবাদি না থাকে। তাই তার এ

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*

## দেশের কৃষি উন্নত ও আধুনিক হচ্ছে – বার্লিনে মাননীয় কৃষিমন্ত্রী



*বার্লিনের সিটি কিউবে বিশ্ব ব্যাংক এবং যুক্তরাজ্যের ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও) আয়োজিত কৃষির রূপান্তর শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি*

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, বাংলাদেশের কৃষি উন্নত ও আধুনিক কৃষির দিকে এগিয়ে যাচ্ছে। বর্তমান সরকার সনাতন ও খোরপোশের কৃষিকে রূপান্তরের মাধ্যমে লাভজনক, সহনশীল ও টেকসই কৃষি ব্যবস্থা গড়ে তুলতে কাজ করছে। এটিকে ত্বরান্বিত করতে বিশ্বব্যাংক ও বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার আরো বেশি অনুদান ও বিনিয়োগ প্রয়োজন। বৃহস্পতিবার ১৯ জানুয়ারি ২০২৩ বার্লিনের স্থানীয় সময় বিকালে বার্লিনের সিটি কিউবে বিশ্ব ব্যাংক এবং যুক্তরাজ্যের ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও) আয়োজিত কৃষির রূপান্তর শীর্ষক আলোচনা সভায় মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

মাননীয় কৃষিমন্ত্রী বাংলাদেশের কৃষি খাতে অর্জিত অভাবনীয় সাফল্য তুলে ধরে বলেন, দেশের কৃষিতে প্রথম বিপ্লব ঘটে স্বাধীনতার পরপরই। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষির উন্নয়নে যুগান্তকারী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে কৃষি বিপ্লবের সূচনা করেন। আর দ্বিতীয় বিপ্লব ঘটে বঙ্গবন্ধুকন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ১৯৯৬-২০০১ সালে ও ২০০৯ সাল থেকে বিগত ১৪ বছরে। বাংলাদেশ প্রথমবারের মতো ১৯৯৯-২০০০ সালে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ২০০৮ সালের তুলনায় সাত গুণ বেশি শাকসবজি উৎপাদিত হয়। বাংলাদেশ বর্তমানে বিভিন্ন শাকসবজি, ফলমূল ও খাদ্যশস্য উৎপাদনে বিশ্বের শীর্ষ দশটি দেশের একটি। কৃষির এই সাফল্য সারা বিশ্বেই প্রশংসিত হচ্ছে।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, আমরা একটি উন্নত, টেকসই ও ঘাতসহ-নশীল কৃষি ব্যবস্থা গড়ে তুলতে চাই, যার মাধ্যমে মানুষের খাদ্য নিরাপত্তা টেকসই হবে, পুষ্টিসমৃদ্ধ খাবার নিশ্চিত হবে, কৃষকেরা উন্নত জীবন পাবেন। এক্ষেত্রে বর্তমানে চ্যালেঞ্জ হলো জমি হ্রাস, জনসংখ্যা বৃদ্ধি, জলবায়ু পরিবর্তন, কোভিড-১৯ ও চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ। তিনি বলেন, দেশের কৃষির উন্নয়নে বিশ্বব্যাংক ও ইফাদের সহযোগিতায় পার্টনার প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। আরো বেশি অনুদান ও বিনিয়োগ প্রয়োজন। পরে মাননীয় কৃষিমন্ত্রী জার্মানির পার্লামেন্টারি স্টেট সেক্রেটারি ফর ফুড অ্যান্ড এগ্রিকালচার ক্লদিয়া মুলারের সাথে দ্বিপাক্ষীয় বৈঠক করেন। বৈঠকে জার্মান খাদ্য ও কৃষিমন্ত্রী ক্লদিয়া মুলার বাংলাদেশের কৃষি খাতে সহযোগিতার আশ্বাস প্রদান করেন। সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: রুহুল আমিন তালুকদার, বার্লিনস্থ বাংলাদেশ দূতাবাসের মিনিস্টার মো. সাইফুল ইসলাম, বিশ্বব্যাংক ও এফসিডিওর প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

# আধুনিক রাইস ট্রান্সপ্লান্টারের সাহায্যে ধানের চারা রোপণ কার্যক্রম উদ্বোধন




*অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষিবিদ মো: ওবায়দুর রহমান মণ্ডল, উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর*

কৃষিকে যান্ত্রিকীকরণের উদ্দেশ্যে ০৫ ফেব্রুয়ারি ২০২৩ রবিবার সকালে রংপুরের মিঠাপুকুর উপজেলার রশিদপুর গ্রামে বোরো মৌসুমে সমলয় চাষাবাদে আধুনিক রাইস ট্রান্সপ্লান্টার মেশিনের সাহায্যে ১০ একরের বেশী জমিতে ব্রি ধান৭৪ ধানের চারা রোপণের লক্ষ্যে রোপণ কার্যক্রমের উদ্বোধন উপলক্ষ্যে মাঠ দিবসের অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রংপুর এর উপ-পরিচালক কৃষিবিদ মোঃ ওবায়দুর রহমান মন্ডল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ এনামুল হক, জেলা প্রশিক্ষণ কর্মকর্তা, ডিএই, রংপুর। সভাপতিত্ব করেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), আঞ্চলিক কার্যালয়, রংপুরের প্রিন্সিপাল সাইন্টিফিক অফিসার ও প্রধান ড. মোঃ রকিবুল হাসান। ব্রি আঞ্চলিক কার্যালয় রংপুরের সিনিয়র সাইন্টিফিক অফিসার, ড. আনোয়ারা আকতার; ও কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, ডিএই, মিঠাপুকুর, রংপুর ব্রি আঞ্চলিক কার্যালয়, রংপুরের সাইন্টিফিক অফিসার, মোঃ রাশিদ শাহরিয়ার রিপন এবং মোঃ সোলায়মান হোসেন। এছাড়া উপস্থিত ছিলেন উপসহকারী কৃষি কর্মকর্তা, প্রিন্ট মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, উপকারভোগী কৃষকসহ অনেক আগ্রহী কৃষকগণ। উপস্থিত কৃষকগণ আগামীতে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে ধান রোপণের আগ্রহ প্রকাশ করেন। সমলয় চাষাবাদ কর্মসূচী বাস্তবায়নে ছিলেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), আঞ্চলিক কার্যালয়, রংপুর, সার্বিক সহযোগিতায় ছিলেন উপজেলা কৃষি অফিস, ডিএই, মিঠাপুকুর, রংপুর ।

*সেখ জিয়াউর রহমান, কৃতসা, রংপুর*

# সৌরবিদ্যুৎ সেচ ব্যবস্থার উন্নয়নে সহযোগিতা

শেষ পাতার পর

চলমান সহযোগিতা আরো বাড়ানোর আশ্বাস প্রদান করেন। মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বাংলাদেশের কৃষিখাতে বিগত ১৪ বছরে অর্জিত অভাবনীয় সাফল্য তুলে ধরেন। তিনি বলেন, বাংলাদেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। বিশ্বে বাংলাদেশ ধান উৎপাদনে তৃতীয়, সবজি উৎপাদনে তৃতীয়, পেঁয়াজ উৎপাদনে তৃতীয়, আম ও আলু উৎপাদনে সপ্তম অবস্থানে রয়েছে। আম,কাঁঠাল, পেঁপেসহ অনেক ফল বহু দেশে রপ্তানি হচ্ছে। জার্মানিসহ ইউরোপের বাজারে বাংলাদেশের উৎপাদিত উদ্বৃত্ত ফল ও সবজি রপ্তানিতে জার্মানির সহযোগিতা কামনা করেন কৃষিমন্ত্রী। বিশেষ করে কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধির জন্য আন্তর্জাতিকমানের অ্যাক্রিডিটেড ল্যাব স্থাপন, উত্তম কৃষি চর্চার (জিএপি) বাস্তবায়ন, এবং কৃষিতে জলবায়ু অভিযোজন সক্ষমতা বাড়াতে জার্মানির সহযোগিতা কামনা করেন তিনি।

সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: রুহুল আমিন তালুকদার, বার্লিনস্থ বাংলাদেশ দূতাবাসের মিনিস্টার মো. সাইফুল ইসলাম ও জাভেদ ইকবাল উপস্থিত ছিলেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*




কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চট্টগ্রাম ও রাঙ্গামাটি অঞ্চলের আয়োজনের ১১ ফেব্রুয়ারী, ২০২৩ ইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ হল রুম, আগ্রাবাদ, চট্টগ্রামে চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের লেবু জাতীয় ফসলের আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস, মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রবীন্দ্রশ্রী বড়ুয়া, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়। উক্ত অনুষ্ঠানে চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে কৃষি মন্ত্রণালয়ের দপ্তর সংস্থার সমূহের কর্মকর্তাগণ, প্রকল্পের আওতাভুক্ত কৃষক, মিডিয়া কর্মী ও কৃষি তথ্য সার্ভিস এর রাঙ্গামাটি ও চট্টগ্রাম আঞ্চলের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। *সৌরভ চন্দ্র বড়ুয়া, কৃতসা, চট্টগ্রাম*




# পাবনার সুজানগর ক্লাস্টার টমেটো প্রদর্শনীর মাঠ দিবস অনুষ্ঠিত

সুজানগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে “ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ” প্রজেক্ট (এনএটিপি-২) এর আওতায় রবি/২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়িত ক্লাস্টার টমেটো প্রদর্শনীর উপর এক মাঠ দিবস সুজানগর উপজেলার চরখলিলপুর গত ৬ ফেব্রুয়ারি ২০২৩ অনুষ্ঠিত হয়। উক্ত মাঠ দিবসে পাবনা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ জনাব রাফিউল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাবনাস্থ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা প্রশিক্ষণ কর্মকর্তা, কৃষিবিদ জনাব সাইফুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আঞ্চলিক কৃষি তথ্য ও যোগাযোগ বিশেষজ্ঞ, কৃষিবিদ জনাব প্রশান্ত কুমার সরকার, অতিরিক্ত উপ-পরিচালক (শস্য) কৃষিবিদ জনাব মোঃ রোকনুজ্জামান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পাবনা, কৃষি সম্প্রসারণ অফিসার, কৃষিবিদ জনাব মাহে আলম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুজানগর। অনুষ্ঠানের পরে প্রদর্শনী ক্লাস্টার টমেটো প্লটে আগত চাষীদের দেখানো হয়। আগত চাষীদের সকলেই ক্লাস্টার টমেটো আবাদের সম্মতি জ্ঞাপন করেন। অনুষ্ঠানে উপসহকারী কর্মকর্তাসহ প্রায় শতাধিক কৃষক/কৃষানি উপস্থিত ছিলেন। *আসাদুল্লাহ, কৃতসা, পাবনা*

# বগুড়ার সোনাতলায় স্মার্ট কৃষির অগ্রযাত্রায় সমলয় চাষাবাদ উদ্বোধন




*অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনাব সাহাদারা মান্নান, মাননীয় সংসদ সদস্য, বগুড়া-১*

২৮ জানুয়ারি ২০২৩ মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ বিনিমার্নের অংশ হিসেবে আগামী দিনের স্মার্ট কৃষির অগ্রযাত্রায় সমলয়ে ধান চাষ বগুড়ার সোনাতলা উপজেলায় উদ্বোধন করেন মাননীয় সংসদ সদস্য সাহাদারা মান্নান। সোনাতলা পৌরসভার বোচারপুকুর নামক স্থানে ১৫০ বিঘা জমিতে রাইস ট্রান্সপ্লান্টার যন্ত্রের সাহায্যে হাইব্রিড এসিআই -৬ (ছক্কা) জাতের ধানের চারা রোপণ করা হয়। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ মতলুবর রহমান, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব অ্যাডভোকেট মিনহাদুজ্জামান লিটন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাতলা উপজেলা, কৃষিবিদ মোঃ এনামুল হক, অতিরিক্ত উপপরিচালক (শস্য), ডিএই, বগুড়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব সাঈদা পারভীন, উপজেলা নির্বাহী অফিসার, সোনাতলা এবং স্বাগত বক্তব্য রাখেন কৃষিবিদ মোঃ সোহরাব হোসেন, উপজেলা কৃষি অফিসার, সোনাতলা। এই অনুষ্ঠানে অতিথিবৃন্দ সমলয় চাষাবাদের সুফল ও প্রযুক্তি আরোও ছড়িয়ে দেবার প্রতি গুরুত্বারোপ করেন।

*কৃষিবিদ মোঃ আব্দুল্লাহ-হিল-কাফি*
*কৃতসা, রাজশাহী*



# বরিশালের বাকেরগঞ্জে চাষিদের মাঝে মুগডালের বীজ বিতরণ

জেলার বাকেরগঞ্জ উপজেলার দক্ষিণ কাজলাকাঠিতে পটুয়াখালীর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সরেজমিন গবেষণা বিভাগের উদ্যোগে বরিশালে চাষিদের মাঝে বিনামূল্যে মুগডালের বীজ ২০ জানুয়ারি ২০২৩ বিতরণ করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন আয়োজক প্রতিষ্ঠানের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. সহিদুল ইসলাম খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ন্যাশনাল ব্যাংকের কর্মকর্তা সরদার আবুল কালাম আজাদ। বিশেষ অতিথি ছিলেন কৃষি তথ্য সার্ভিসের কর্মকর্তা নাহিদ বিন রফিক। বীজ বিতরণ অনুষ্ঠানের আগে মুগডালের ওপর কৃষকদের প্রশিক্ষণ দেওয়া হয়। পরে প্রতি কৃষককে ৪ কেজি হারে বারি মুগ-৬'র বীজ বিতরণ করা হয়। এছাড়া প্রতি ৫ সদস্য বিশিষ্ট গ্রুপে ১টি করে স্প্রেয়ার মেশিন ও মুগ শুকানোর জন্য ত্রিপল দেওয়া হয়।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

# সার, বীজের দাম বাড়ান হবে না

*শেষ পাতার পর*

থাকবে। কৃষি উৎপাদন টেকসই করতে যা যা করা দরকার, তা অব্যাহত থাকবে। ০২ ফেব্রুয়ারি ২০২৩ বৃহস্পতিবার সকালে ঢাকার অদূরে সাভারের ব্র্যাক সিডিএম মিলনায়তনে সার্কভুক্ত দেশসমূহে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। বাংলাদেশ এগ্রিকালচারাল এক্সটেনশন নেটওয়ার্ক (বায়েন) ও ভারতের পার্টিসিপেটরি রুরাল ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ সোসাইটি (প্রাডিস) যৌথভাবে তিন দিনব্যাপী এ সম্মেলনের আয়োজন করে। আমনে বাম্পার ফলন হয়েছে উল্লেখ করে মাননীয় কৃষমন্ত্রী বলেন, রেকর্ড পরিমাণ খাদ্য মজুদ আছে। দেশে দুর্ভিক্ষ হবে না, ইনশা আল্লাহ এ গ্যারান্টি দিতে পারি। মাননীয় কৃষিমন্ত্রী বলেন, আমাদের বিজ্ঞানীরা সম্প্রতি ধান, সরিষাসহ অনেক ফসলের কতগুলো উন্নত উচ্চফলনশীল জাত উদ্ভাবন করেছেন। এগুলো দ্রুত কৃষকের কাছে সম্প্রসারণের লক্ষে সম্প্রসারণকর্মীদেরকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করতে হবে। অনুষ্ঠানে প্রাডিসের সিনিয়র অ্যাডভাইজর ভিভি সাডামাতে, খাদ্য ও কৃষি সংস্থার বিশেষ প্রতিনিধি দানিয়েল গুস্তাফসন, বাংলাদেশ প্রতিনিধি রবার্ট সিম্পসন, বায়েনের সভাপতি হামিদুর রহমান, সাধারণ সম্পাদক সেকান্দর আলী, সাংগঠনিক সম্পাদক আফজাল হোসেন ভূঁইয়া প্রমুখ বক্তব্য রাখেন। কৃষি সম্প্রসারণকর্মীদের তিন দিনব্যাপী এ সম্মেলনে ভারত, শ্রীলঙ্কা, নেপাল, ভুটান ও বাংলাদেশের ৩৫০ জনপ্রতিনিধি অংশগ্রহণ করেছেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

# জলবায়ুসহনশীল ও উন্নত কৃষি

*প্রথম পাতার পর*

করেন ও ডিগ্রি প্রদান করেন। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক লুৎফুল হাসান।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, আগামীতে টেকসই ও জলবায়ুসহনশীল কৃষি ব্যবস্থা গড়ে তুলতে কৃষি গ্র্যাজুয়েটদের প্রস্তুত করতে দেশের কৃষি বিশ্ববিদ্যালয়সমূহের মূল ভূমিকা পালন করতে হবে। সেজন্য, কৃষি বিশ্ববিদ্যালয়সমূহের কারিকুলামকেও উন্নত ও আধুনিক করতে হবে। নবীন কৃষিবিদদের সেভাবে যোগ্য করে গড়ে তুলতে শিক্ষকমণ্ডলীদের এগিয়ে আসতে হবে।

কৃষিমন্ত্রী বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকারের কৃষি ও কৃষকবান্ধবনীতি গ্রহণ ও বাস্তবায়নের ফলে চাল, গম, ভুট্টা, ফলমূল, শাকসবজি, মাছ, মাংস, দুধ, ডিম উৎপাদনে অভাবনীয় সাফল্য অর্জিত হয়েছে। এখন অনেক ফসল উৎপাদনে বাংলাদেশ সর্বোচ্চ উৎপাদনকারী দেশের তালিকায় এক থেকে দশের মধ্যে আছে। কৃষি উৎপাদনে অর্জিত বিস্ময়কর সাফল্যের ফলেই দেশের মানুষ এখন পেট ভরে খেতে পায়। করোনা, প্রাকৃতিক দুর্যোগ, যুদ্ধসহ শত দুর্যোগের মাঝেও কেউ না খেয়ে থাকে না। বিগত ১৪ বছরে কোন খাদ্য সংকট হয়নি। তিনি বলেন, কৃষি খাতে আজ যে অভাবনীয় সাফল্য দৃশ্যমান, এর পেছনে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন দেশের কৃষি বিশ্ববিদ্যালয় সমূহের গ্র্যাজুয়েটবৃন্দ।

> আগামীতে টেকসই ও জলবায়ুসহনশীল কৃষি ব্যবস্থা গড়ে তুলতে কৃষি গ্র্যাজুয়েটদের প্রস্তুত করতে দেশের কৃষি বিশ্ববিদ্যালয়সমূহের মূল ভূমিকা পালন করতে হবে।

এর আগে মাননীয় কৃষিমন্ত্রী চ্যান্সেলরের পরে সমাবর্তন শোভাযাত্রায় অংশগ্রহণ করেন এবং সমাবর্তনের উদ্বোধন করেন। সমাবর্তনে জুলাই ২০১৪ থেকে ডিসেম্বর ২০২১ পর্যন্ত স্নাতক, স্নাতকোত্তর ও পিএইচডি সম্পন্নকারী ছয় হাজারের বেশি শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করা হয়। এদের মধ্যে ২২৪ জনকে স্বর্ণপদক প্রদান করা হয়।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## পুষ্টির চাহিদা মেটাতে হলে পুষ্টি

তৃতীয় পাতার পর

অনুশাসন অনুযায়ী আমাদেরকে কাজ করে যেতে হবে। তিনি আরও বলেন এ প্রকল্পের আওতায় স্থাপিত প্রদর্শনীগুলোকে আরও যত্ন নিতে হবে। স্মার্ট বাংলাদেশ গড়ার ক্ষেত্রে এ প্রকল্পটি ভাল ভূমিকা রাখবে বলে আমি আশা করি।

কৃষিবিদ মো: মতিউজ্জামান, উপপরিচালক, ডিএই, ময়মনসিংহ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: সাইফুল আজম খান, উপাধ্যাক্ষ, এটিআই, শেরপুর। স্বাগত বক্তব্য রাখেন ড. মো: আকরাম হোসেন চৌধুরী, প্রকল্প পরিচালক, ইফনাপ, ডিএই, খামারবাড়ি, ঢাকা। কর্মশালায় ডিএই, হর্টিকালচার, এটিআই, জেলা বীজ প্রত্যয়ন এজেন্সি, ডিএই তুলা উন্নয়ন বোর্ড, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), বিনা, এআইএস এর জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।

*মো. জাহাঙ্গীর আলী খান, কৃতসা, ময়মনসিংহ*




*অনুষ্ঠানের প্রধান অতিথি কৃষিবিদ মো. আশরাফ উদ্দিন, অতিরিক্ত পরিচালক, ডিএই ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ*

## কৃষি উৎপাদনের মূল উপকরণ বীজের মানে

প্রথম পাতার পর

সাথে নির্দ্বিধায় বীজ ব্যবহার করতে পারে, সেটি নিশ্চিত করতে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানকে একযোগে কাজ করতে হবে।

১১ ফেব্রুয়ারি ২০২৩ শনিবার সকালে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ সিড কংগ্রেসের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। কৃষি মন্ত্রণালয় ও বাংলাদেশ সিড অ্যাসোসিয়েশন এ অনুষ্ঠানের আয়োজন করে।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান কৃষিবান্ধব সরকার সার, বীজসহ কৃষি উপকরণে সুশাসন প্রতিষ্ঠা করেছে। বিগত ১৪ বছরে সার-বীজের কোন সংকট হয়নি। বিশ্বব্যাপী সারের দাম চারগুণ বৃদ্ধি পেলেও সরকার দেশে সারের দাম বাড়ায়নি; বরং আগের চেয়ে চারগুণের বেশি ভর্তুকি দিয়ে যাচ্ছে। বীজের দামও বাড়ায়নি। কৃষি উৎপাদন বজায় রাখতে আগামীতেও সার-বীজের দাম বাড়াবে না।

বীজ কোম্পানিগুলোকে সততার সাথে কাজ করার আহ্বান জানিয়ে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, বীজ কোম্পানির প্রতারণা করার প্রবণতা আছে। এতে একদিকে কৃষক ক্ষতিগ্রস্ত হয়, অন্যদিকে উৎপাদন ব্যাহত হয়। বীজের মানের বিষয়ে কৃষকের শতভাগ আস্থা অর্জন করতে হবে। এ বিষয়ে বীজ অ্যাসোসিয়েশনকে দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে কৃষিসচিব ওয়াহিদা আক্তার, গেস্ট অব অনার হিসাবে আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক জ্যান বেলি, এফএওর বাংলাদেশ প্রতিনিধি রবার্ট সিম্পসন, এশিয়া অ্যান্ড প্যাসিফিক সিড এসোসিয়েশনের প্রেসিডেন্ট মনিশ প্যাটেল, ইন্টারন্যাশনাল সিড ফেডারেশনের জেনারেল সেক্রেটারি মাইকেল কেলার বক্তব্য রাখেন। সভাপতিত্ব করেন বাংলাদেশ সিড অ্যাসোসিয়েশনের সভাপতি এম আনিস উদ দৌলা। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক সাত্তার মণ্ডল।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## ধান উৎপাদনে যান্ত্রিকীকরণের উপর গুরুত্ব দিতে হবে-কৃষি সচিব




*গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন সম্মানিত সচিব জনাব ওয়াহিদা আক্তার, কৃষি মন্ত্রণালয়*

কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ওয়াহিদা আক্তার বলেছেন "ধান উৎপাদনে যান্ত্রিকীকরণের উপর গুরুত্ব দিতে হবে। ধান আমাদের প্রধান খাদ্য এবং খাদ্য নিরাপত্তা বলতে আমরা ধান বা চালের নিরাপত্তাকেই বুঝি। তাই ধান উৎপাদনে ব্রি কে কৃষিযন্ত্র নির্মাণকারী প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সমন্বয় করে যান্ত্রিকীকরণ প্রক্রিয়াকে আরও এগিয়ে নিয়ে যেতে হবে। ০৪ ফেব্রুয়ারি ২০২৩ শনিবার গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) চলমান "যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ (এসএফএমআরএ)" শীর্ষক প্রকল্পের মধ্যবর্তী কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের সচিব এসব কথা বলেন। এ সময় তিনি আউশের আবাদ ও উৎপাদন বাড়ানোর উপরও গুরুত্বারোপ করেন।

ব্রির মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ) মো. মাহবুবুল হক পাটওয়ারী, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) রবীন্দ্রশ্রী বড়ুয়াসহ ব্রির সকল বিভাগীয় প্রধান ও জ্যেষ্ঠ বিজ্ঞানীগণ। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন এসএফএমআরএ প্রকল্পের প্রকল্প পরিচালক ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এ কে এম সাইফুল ইসলাম। মূল প্রবন্ধে ড. এ কে এম সাইফুল ইসলাম বলেন, এই প্রকল্পের আওতায় এখন পর্যন্ত চারটি কৃষিযন্ত্র যেমন-ব্রি বীজ বপন যন্ত্র, ব্রি হোল ফিড কম্বাইন হারভেস্টার, ব্রি সোলার লাইট ট্র্যাপ ও ব্রি দড়ি পাকানোর যন্ত্র উদ্ভাবন ও সম্প্রসারণ করা হয়েছে। এছাড়া ব্রি ম্যানুয়াল রাইস ট্রাসপ্লান্টা পাওয়ার উইডারসহ আরো প্রায় ৮টি যন্ত্রপাতি তৈরির কাজ চলমান রয়েছে। প্রকল্পের আওতায় উদ্ভাবিত ও উন্নয়নকৃত যন্ত্রপাতির কার্যক্রম বিস্তারিত তুলে ধরেন। এসএফএমআরএ প্রকল্পের আওতায় রয়েছে দেশের সাতটি বিভাগের ১২টি জেলার ১২টি উপজেলায় এ প্রকল্প চলমান রয়েছে এবং এই প্রকল্পের বাস্তবায়নের মেয়াদ ০১ জুলাই ২০১৯ হতে ৩০ জুন ২০২৪।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*



# নরসিংদী জেলার মনোহরদী উপজেলায় পতিত জমির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

নরসিংদী মনোহরদী অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙিনায় পরিবারিক পুষ্টি বাগান স্থাপন নিয়ে ২ দিনব্যাপী কৃষক প্রশিক্ষণ ২৭ এবং



২৮ ডিসেম্বর ২০২২ অনুষ্ঠিত হয়েছে। অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প এই প্রশিক্ষণের আয়োজন করেন। প্রশিক্ষন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: দুলাল হোসেন, অতিরিক্ত পরিচালক (প্রকল্প পরিকল্পনা), প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। বিশেষ অতিথি ছিলেন ড. মুহাম্মদ মাহবুবুর রশীদ, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নরসিংদী। আরো উপস্থিত ছিলেন দিলরুবা ইয়াসমিন, আঞ্চলিক সমন্বয়ক, অনাবাদি পতিত জমিও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টিবাগান স্থাপনা প্রকল্প, মো: সালাউদ্দিন টিপু, অতিরিক্ত উপরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নরিসংদী, আয়েশা আক্তার, উপজেলা কৃষি অফিসার , মনোহরদী জনাব কাজী শফিউল ইসলাম, অতিরিক্ত কৃষি অফিসার, মনোহরদী।

*কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা*

## পুষ্টি কর্নার : পেয়ারা



প্রচুর পরিমাণে ভিটামিন-সি সমৃদ্ধ পেয়ারাকে বহুবিধ গুণের কারণে মিসরীয় অঞ্চলের আপেল বলা হয়। প্রতি ১০০ গ্রাম পেয়ারাতে জলীয় অংশ ৮১.৭ গ্রাম, খনিজ পদার্থ ০.৭ গ্রাম, আঁশ ৫.২ গ্রাম, খাদ্যশক্তি ৫১ কিলোক্যালরি, আমিষ ০.৯ গ্রাম, চর্বি ০.৩ গ্রাম, শর্করা ১১.২ গ্রাম, ক্যালসিয়াম ১০ মিলিগ্রাম, লৌহ ১.৪ মিলিগ্রাম, ক্যারোটিন ১০০ মিলিগ্রাম, ভিটামিন বি-১ ০.২১ মিলিগ্রাম, ভিটামিন বি-২ ০.০৯ মিলিগ্রাম ও ভিটামিন সি ২১০ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে। পেয়ারার শিকড়, গাছের বাকল, পাতা এবং অপরিপক্ব ফল কলেরা, আমাশয় ও অন্যান্য পেটের পীড়া নিরাময়ে ভালো কাজ করে। বাংলাদেশের সবখানেই কমবেশি পেয়ারার চাষ হয়। তবে বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, গাজীপুর, ঢাকা, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া, রাঙ্গামাটি, খাগড়াছড়ি জেলা উল্লেখযোগ্য।

*সংকলন- কৃষিবিদ মোহাম্মদ মারুফ, কৃতসা, ঢাকা*

# ঝিনাইদহে জেলা কৃষি ঋণ মেলা/২০২৩ অনুষ্ঠিত



*ঝিনাইদহ কৃষি ঋণ মেলার উদ্বোধনীতে ঋণ বিতরণ করছেন প্রধান অতিথি জনাব মনিরা বেগম জেলা প্রশাসক, ঝিনাইদহ ও অন্যান্য অতিথিবৃন্দ*

কৃষি উৎপাদন অব্যহত রাখতে ও তরুণ উদ্যোক্তাদের উৎসাহ প্রদানের লক্ষে ঝিনাইদহ জেলা প্রশাসন, তফসিলি ব্যাংক ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যৌথ উদ্যেগে ০৬ ফেব্রুয়ারি ২০২৩ পানি উন্নয়ন বোর্ড সংলগ্ন মাঠে জেলা কৃষি ঋণ মেলা/২০২৩ অনুষ্ঠিত হয়েছে। ঝিনাইদহ জেলা প্রশাসক জনাব মনিরা বেগম প্রধান অতিথি হিসেবে এ মেলা উদ্বোধন ও কৃষি ঋণ বিতরণ করেন। ঝিনাইদহ জনতা ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক মোঃ আশরাফুজ্জামান এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

*মোঃ আবদুর রহমান, কৃতসা, খুলনা*

# দেশে প্রথমবারের মতো উদযাপন হচ্ছে বিশ্ব

প্রথম পাতার পর

যেমন আমরা ধানের উৎপাদন না কমিয়েই ২ লাখ ৫০ হাজার হেক্টর বেশি জমিতে সরিষা আবাদ বাড়াতে পেরেছি, তেমনি ডালের উৎপাদন বাড়াতেও সুনির্দিষ্ট কর্মসূচি গ্রহণ করা হবে। যাতে বছরে ১৩-১৪ লাখ টন ডাল উৎপাদন করতে পারি, তাতে আমদানি নির্ভরতা অনেকটা হ্রাস পাবে। ১০ ফেব্রুয়ারি ২০২৩ শুক্রবার সকালে রাজধানীতে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) মিলনায়তনে বিশ্ব ডাল দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে কৃষিসচিব এসব কথা বলেন।

দেশে প্রথমবারের মতো ডাল দিবস পালন উপলক্ষে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এই সেমিনার এবং বার্লি ও ডালের তৈরি খাবারের প্রদর্শনীর আয়োজন করে। এবার দিবসটির প্রতিপাদ্য ছিলো টেকসই আগামীর জন্য ডাল।

কৃষিসচিব বলেন, বর্তমান সরকারের কৃষিবান্ধব নীতির কারণে বিগত ১৪ বছরে ডালের উৎপাদন প্রায় চারগুণ বৃদ্ধি পেয়েছে। দেশে বর্তমানে ডাল উৎপাদন হয় প্রায় ১০ লাখ মেট্রিক টন। কিন্তু ডালের চাহিদা বছরে প্রায় ২৬ লাখ মেট্রিক টন। ফলে প্রতি বছর প্রায় ১৩ থেকে ১৪ লাখ মেট্রিক টন ডাল আমদানি করতে হয়। এতে প্রায় ৬ থেকে ৭ হাজার কোটি টাকা খরচ হয়। তিনি বলেন, আমাদের দেশের মানুষের পুষ্টি চাহিদা পূরণে ডালের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বিপুল জনগোষ্ঠীর পুষ্টিচাহিদা মেটাতে হলে ডালের উৎপাদন আরো বাড়াতে হবে। একইসঙ্গে, ডাল খাওয়ার বিষয়ে সচেতনতা বাড়াতে হবে। সে লক্ষ্যেই বিশ্ব ডাল দিবস পালন করা হচ্ছে।

বারির মহাপরিচালক দেবাশীষ সরকারের সভাপতিত্বে বিএআরসির নির্বাহী চেয়ারম্যান শেখ মো.বখতিয়ার, বিএডিসির চেয়ারম্যান আব্দুল্লাহ সাজ্জাদ, সদস্য পরিচালক মোস্তাফিজুর রহমান, ডাল গবেষণা কেন্দ্রের পরিচালক মো. মহিউদ্দিন, সাবেক পরিচালক তপন কুমার দে, এসিআইএআরের ডেপুটি কো-অর্ডিনেটর এমজি নিয়োগী, এসিআই এগ্রোর ব্যবস্থাপনা পরিচালক এফএইচ আনসারী প্রমুখ বক্তব্য রাখেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন আশুতোষ সরকার।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

# খাদ্য নিরাপত্তার বিষয়ে উন্নত দেশগুলোকে দায়িত্বশীল হতে হবে – মাননীয় কৃষিমন্ত্রী






*জার্মানির বার্লিনে '১৫তম গ্লোবাল ফোরাম ফর ফুড অ্যান্ড এগ্রিকালচারের (জিএফএফএ) শেষ দিন সম্মেলনে ৭০টিরও বেশি দেশের কৃষিমন্ত্রী ও ১০টি আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিবৃন্দ*

বিশ্বব্যাপী খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে উন্নত দেশগুলোকে দায়িত্বশীল ও আরো তৎপর হওয়ার আহ্বান জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। একইসঙ্গে, খাদ্য ও কৃষি উপকরণকে যুদ্ধ ও অবরোধের বাইরে রাখার প্রস্তাব দিয়েছেন তিনি। গতকাল শনিবার ২১ জানুয়ারি ২০২৩ জার্মানির বার্লিনে '১৫তম বার্লিন কৃষিমন্ত্রীদের সম্মেলনে' মাননীয় কৃষিমন্ত্রী এ আহ্বান জানান। জার্মান ফেডারেল মিনিস্ট্রি অব ফুড অ্যান্ড এগ্রিকালচারের (বিএমইএল) আয়োজনে ৪ দিনব্যাপী (১৮-২১ জানুয়ারি) '১৫তম গ্লোবাল ফোরাম ফর ফুড অ্যান্ড এগ্রিকালচারের (জিএফএফএ) শেষ দিনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে বিশ্বের ৭০টিরও বেশি দেশের কৃষিমন্ত্রী ও ১০টি আন্তর্জাতিক *এরপর পৃষ্ঠা ২ কলাম ১*

## সার, বীজের দাম বাড়ান হবে না- মাননীয় কৃষিমন্ত্রী




*সাভারের ব্র্যাক সিডিএম মিলনায়তনে আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি*

কৃষি উৎপাদনের ধারা অব্যাহত রাখা ও টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে দেশে সার, বীজসহ কৃষি উপকরণের কোনরকম দাম বাড়ান হবে না বলে জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, বর্তমান সরকারের পলিসি হলো যেকোন মূল্যে খাদ্য উৎপাদন বৃদ্ধি করা ও খাদ্য নিরাপত্তা টেকসই করা। সেজন্য, বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দার এই সময়ে যত কষ্টই হোক সরকার বীজ, সারসহ কৃষি উপকরণের দাম বাড়াবে না। অন্যান্য খাতে যে পলিসিই নেয়া হোক না কেন, কৃষি খাতে বিশাল ভর্তুকি প্রদানসহ সকল সহযোগিতামূলক নীতি অব্যাহত

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩*

## সৌরবিদ্যুৎ সেচ ব্যবস্থার উন্নয়নে সহযোগিতা করবে জার্মানি



*বার্লিনের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে জার্মানির পার্লামেন্টারি স্টেট সেক্রেটারি ফর ইকোনমিক কোঅপারেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ড. বার্বেল কোফলার (Barbel Kofler) এর সাথে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি দ্বিপক্ষীয় বৈঠক*

বাংলাদেশে সৌরবিদ্যুৎ সেচ ব্যবস্থার উন্নয়নে সহযোগিতা করবে জার্মানি। বুধবার ১৮ জানুয়ারি ২০২৩ বার্লিনের স্থানীয় সময় বিকালে বার্লিনের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি এর সাথে দ্বিপক্ষীয় সভায় জার্মানির পার্লামেন্টারি স্টেট সেক্রেটারি ফর ইকোনমিক কোঅপারেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ড. বার্বেল কোফলার (Barbel Kofler) এ সহযোগিতার কথা জানান। সভায় জার্মান মন্ত্রী ড. কোফলার বাংলাদেশে তাদের সহযোগিতায় চলমান প্রকল্পের সাফল্য তুলে ধরেন এবং বাংলাদেশের কৃষিক্ষেত্রে জলবায়ু অভিযোজনে

*এরপর পৃষ্ঠা ৪ কলাম ৩*

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০. ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd